

জার্নাল পরিচিতি

নাট্যবিদ্যা জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ থেকে প্রকাশিত একটি পিয়ার-রিভিউ গবেষণা জার্নাল। নিয়মিত প্রকাশের নিমিত্তে জার্নালের ৪র্থ সংখ্যায় দেশ-বিদেশের শিক্ষক, গবেষক ও গবেষণা শিক্ষার্থীদের বাংলা ও ইংরেজি ভাষায় রচিত শিল্প-সাহিত্য-সংস্কৃতি (নাট্যকলা, সংগীত, নৃত্যকলা, চারণকলা, ফোকলোর, চলচ্চিত্র, গণমাধ্যম প্রভৃতি) বিষয়ক গবেষণামূলক মৌলিক প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। *নাট্যবিদ্যা* ৪র্থ সংখ্যায় লেখা জমাদানের শেষ তারিখ আগামী ১৫ অক্টোবর ২০২০।

প্রবন্ধ জমা দেওয়ার নিয়মাবলি

০১. প্রবন্ধের ভাষা বাংলা অথবা ইংরেজি হবে। প্রবন্ধ ৩,০০০ থেকে ৬,০০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
০২. প্রবন্ধের মূল পাঠের প্রারম্ভে অনূর্ধ্ব ১০০ থেকে ২০০ শব্দের (বাংলা/ইংরেজি) সারসংক্ষেপ যুক্ত করতে হবে।
০৩. কম্পিউটার কম্পোজকৃত দুই কপি প্রিন্টেড পাণ্ডুলিপি, একটি সিডি কপি সম্পাদক বরাবর রেজিস্টার্ড ডাক অথবা কুরিয়ারে প্রেরণ করতে হবে। একইসাথে আবশ্যিকভাবে প্রবন্ধের সফট কপি লেখকের নিজ বা প্রতিষ্ঠানের ভেরিফাইড ইমেইল থেকে পাঠাতে হবে। E-mail: hod.tps.jkknui@gmail.com এবং cc: zabirknu@gmail.com, theatre_performance@yahoo.com -এ পাঠাতে হবে।
০৪. কম্পোজকৃত প্রবন্ধ MS Word File (.doc) আকারে পাঠাতে হবে। বিজয় ক্লাসিক অথবা বিজয় বায়ান্ন সফটওয়্যারে বাংলা ফন্টের ক্ষেত্রে SutonnyMJ এবং ফন্ট সাইজ হবে ১৪, লাইন স্পেস হবে ১.৫। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Times New Roman এবং ফন্ট সাইজ হবে ১২, লাইন স্পেস হবে ১.৫।
০৫. বানানের ক্ষেত্রে বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে প্রবন্ধ রচিত হওয়া বাঞ্ছনীয়। ইংরেজির ক্ষেত্রে ব্রিটিশ ফরমেট অনুসরণ করা শ্রেয়।
০৬. উদ্ধৃতির মূল বানানের পরিবর্তন করা যাবে না। তথ্যনির্দেশ ও টীকার জন্য (শিকাগো পদ্ধতি অনুযায়ী) শব্দের উপর অধিলিপি (সুপার স্ক্রিপ্ট) সংখ্যা ব্যবহার করতে হবে। (যেমন: ...^১)
০৭. তথ্যনির্দেশ-এ (শিকাগো পদ্ধতি অনুযায়ী) লেখক বা লেখকগণের পূর্ণ নাম থাকবে। বই ও পত্রিকার উৎস দেখানোর সময় অনুসরণীয় নীতি হলো: সেলিম আল দীন, *মধ্যযুগের বাঙলা নাট্য* (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৯৬), পৃ. ৯০। গ্রন্থের একাধিক লেখক থাকলে তথ্যনির্দেশে সকলের নাম উল্লেখ করতে হবে।
০৮. মূল পাঠের মধ্যে উদ্ধৃতি ৩০ শব্দের বেশি বা ৩ লাইনের অধিক হলে তা পৃথক অনুচ্ছেদে উপস্থাপন করতে হবে এবং সেক্ষেত্রে ফন্ট সাইজ বাংলায় ১২ এবং ইংরেজিতে ১০ হবে। কবিতার উদ্ধৃতিতে মূল পঞ্জিক-বিন্যাস ঠিক রাখতে হবে।
০৯. প্রবন্ধ প্রকাশের জন্য সম্পাদক বরাবর একটি আবেদন পাঠাতে হবে। আবেদনে অবশ্যই যোগাযোগের জন্য মোবাইল নাম্বার, বর্তমান ঠিকানা ও ই-মেইল ঠিকানা দিতে হবে।
১০. মূল প্রবন্ধের শিরোনাম, প্রারম্ভ ও ভেতরের পৃষ্ঠায় লেখকের নাম ও পদবী উল্লেখ থাকবে না। একটি স্বতন্ত্র পৃষ্ঠায় প্রবন্ধের শিরোনাম, লেখকের নাম ও পরিচয় লিপিবদ্ধ থাকবে।
১১. রিভিউয়ার কর্তৃক সংশোধন/সংযোজন/পরিমার্জন/বিরয়োজনের পরামর্শ থাকলে সম্পাদনা পর্ষদের প্রদত্ত সময়ের মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে। অন্যথায় প্রবন্ধ প্রকাশ সংক্রান্ত সম্পাদনা পর্ষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেয়া হবে না।
১৩. *নাট্যবিদ্যা* গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধ-বিষয়ক সকল দায়-দায়িত্ব প্রবন্ধকার বহন করবেন।

ধন্যবাদান্তে

মো. আল জাবির

সম্পাদক, *নাট্যবিদ্যা*

বিভাগীয় প্রধান, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল-২২২৪, ময়মনসিংহ, বাংলাদেশ।

মোবাইল: +৮৮০১৭১৬২৫৩৬২৭